# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 03-05-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) এখন থেকে  শহর কলকাতার কোন ছাদ আটকে রেখে হোটেল, রেস্তোঁরা চালানো যাবে না বলে কলকাতা পুরসভা জানিয়ে দিয়েছে।

বড় বাজারে সাম্প্রতিক অগ্নিকান্ডে ধৃত খুরশিদ আলমকে ৭-ই মে পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

২) কলকাতা হাইকোর্ট রাজ্যের বিভিন্ন জেলায় বিদ্যালয়গুলিতে বে-আইনী নিয়োগ সম্পর্কে সিআইডি ও রাজ্য সরকারের কাছে আবারও রিপোর্ট তলব করেছে।

৩) স্কুল সার্ভিস কমিশনের তালিকায় নাম না থাকা শিক্ষক ও শিক্ষাকর্মীদের সঙ্গে শিক্ষামন্ত্রীর গতকালের বৈঠক ইতিবাচক হয়েছে। আগামী সপ্তাহে আবারও বৈঠক।

৪) শহরাঞ্চলের নিকাশী ও জঞ্জাল ব্যবস্থাপনার মানোন্নয়নে রাজ্য সরকার এবার কর্পোরেট সংস্থাগুলিকেও সামিল করবে।

দূষণের হারে লাগাম টানতে সমস্ত ভাগাড়ে প্রসেসিং প্ল্যান্ট বসানোর সিদ্ধান্ত।

৫) মুম্বাই-এ বিশ্ব দৃশ্যশ্রাব্য এবং বিনোদন শীর্ষ  সম্মেলন ওয়েভস্ -২০২৫-এর অঙ্গ হিসেবে তথ্য ও সম্প্রচার মন্ত্রক মিডিয়া ও বিনোদন ক্ষেত্রের ওপর একটি হ্যান্ডবুক আজ প্রকাশ করবে।

৬) নানা অনুষ্ঠানে আজ বিশ্ব সংবাদমাধ্যম স্বাধীনতা দিবস উদযাপিত হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এখন থেকে শহর কলকাতার কোন ছাদ আটকে রেখে হোটেল, রেস্তোঁরা বা ক্যাফে চালানো যাবে না বলে কলকাতা পুরসভা সিদ্ধান্ত নিয়েছে। সম্প্রতি মহানগরীতে বেশ কয়েকটি অগ্নিকান্ডের প্রেক্ষিতে পুর ও নগরোন্নয়নমন্ত্রী, কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম,গতকাল সাংবাদিকদের বলেন, কোন ভাবেই হোটেলের সিঁড়ি বা ছাদ আটকানো যাবে না। শহরে যেসব রূফটপ ক্যাফে আছে, তা ভেঙে দেওয়ার জন্য হোটেল মালিকদের বলা হয়েছে। নিজে থেকে এব্যাপারে উদ্যোগ না নিলে পুরসভাই এই কাজ করবে।

(বাইট – ফিরহাদ)

মেয়র আরও জানায় শহর কলকাতার প্রত্যেকটি থানা এলাকায় কত সংখ্যক রুফ টপ ক্যাফে, হোটেল, রেস্তোরা রয়েছে তার তথ্য সংশ্লিষ্ট থানার আধিকারিকদের পুরসভাকে দিতে বলা হয়েছে ।

বড়বাজারের হোটেলে অগ্নিকান্ডে ১৪ জনের প্রাণহানি প্রসঙ্গে ফিরহাদ বলেন, হোটেল টির ছাদে দরজা বন্ধ থাকার ফলে সেখানে যারা ছিলেন তারা ছাদে যেতে পারেননি। ছাদের দরজা খোলা থাকলে হয়তো অনেকের প্রাণ রক্ষা করা সম্ভব হতো।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার বড়বাজার এলাকার মেছুয়াপট্টীতে ঋতুরাজ হোটেলে আগুন লাগার ঘটনায় ধৃত ইন্টারিয়ার ডেকরেটিং-এর কন্ট্রাক্টর খুরশীদ আলমকে, সাতই মে পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। তাকে পুলিশ গতকাল গ্রেপ্তার করার পরে ব্যাঙ্কশাল আদালতে তোলে ।

উল্লেখ্য এই নিয়ে এই ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করা হল। এর আগে হোটেল মালিক আকাশ চাওলা ও ম্যানেজার গৌরব কাপুরকে গাফিলতির অভিযোগে গ্রেফতার করা হয়। তাদের ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে ৮-ই মে পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

আগেই জানানো হয়েছে মঙ্গলবার রাতে বড়বাজারের ঐ হোটেলে অগ্নিকান্ডে দুই শিশু সহ ১৪ জনের মৃত্যু হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্টে গত ২৫ এপ্রিল আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য ফিরদৌস শামিম, ও সুদীপ্ত দাসগুপ্তর চেম্বারের সামনে বিক্ষোভের ঘটনায় আট অভিযুক্তের নাম প্রকাশিত হয়েছে। এদের বিরুদ্ধে নোটিশ জারির নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। তাদের ১৪ দিনের মধ্যে আত্মপক্ষ সমর্থন করে আদালতে বক্তব্য জানাতে বলা হয়েছে। পাশাপাশি কলকাতা পুলিশ কমিশনার কে ১৯ মের মধ্যে অভিযুক্তদের চিহ্নিত করে ওই দিনের ঘটনা সম্পর্কে একটি রিপোর্ট জমা দিতেও বলা হয়েছে। সিসিটিভি ফুটেজ দেখে কলকাতা পুলিশ কমিশনারকে অভিযুক্তদের চিহ্নিত করতে হবে।

তিন বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায়, সব্যসাচী ভট্টাচার্য ও রাজর্ষী ভরদ্বাজের বিশেষ বেঞ্চ জানিয়েছেন, ঘটনার দিনের ভিডিও ফুটেজ দেখার পর মনে হয়েছে এই ঘটনা ফৌজদারি অপরাধের সমান।

বেঞ্চ আরও বলেছে, ঘটনার দিন ওল্ড পোস্ট অফিস ও কিরণ শঙ্কর রায় রোডে বেলা ৩ থেকে রাত ৯ টা পর্যন্ত সি সি টিভি ফুটেজ সংরক্ষণ করতে হবে। ১৯-শে মে মামলার পরবর্তী শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট, রাজ্যের বিভিন্ন জেলায় বিদ্যালয়ে বেআইনী নিয়োগ সম্পর্কে সিআইডি ও রাজ্য সরকারের কাছে আবারো রিপোর্ট তলব করেছে। বিচারপতি বিশ্বজিত্ বসু ৯ ই জুনের মধ্যে এই রিপোর্ট দাখিলের নির্দেশ দিয়েছেন। ১৩ ই জুন মামলার পরবর্তী শুনানি। কর্মশিক্ষার ক্ষেত্রে চাকরী প্রার্থী সোমা রায়ের দায়ের করা মামলায় রাজ্যের স্কুলগুলিতে এসএসসি পরীক্ষা না দিয়েই বেআইনীভাবে নিযুক্তদের খুঁজে বের করার জন্য তিন সদস্যের যে কমিটি গঠন করে হাইকোর্ট, তারা নতুন করে বেআইনী নিয়োগ সংক্রান্ত কিছু খুঁজে পেয়েছে কিনা, রিপোর্টে তাও উল্লেখ করার নির্দেশ দিয়েছেন বিচারপতি বসু।

রাজ্যের তরফে গতকাল আইনজীবী বিশ্বব্রত বসু মল্লিক জানান, বেআইনি ভাবে নিযুক্ত হিসাবে চিহ্নিত অশোক কুমার হাতুয়া ও সুব্রত তুঙ্গার বিরুদ্ধে ব্যাবস্থা নেওয়া হবে। পাশাপাশি পূর্ব মেদিনীপুরের একটি স্কুলের শিক্ষক অয়ন কুমার দাসকেও গ্রেফতার করা হয়েছে। তার বেতন বন্ধ করে দিয়েছে রাজ্যের শিক্ষা দপ্তর। পুলকেশ নামে আর একজনকেও চিহ্নিত করা হয়েছে।

এই চার জনের বিরুদ্ধে কি কি ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে তা ও রিপোর্টে উল্লেখ করতে হবে বলে উচ্চ আদালত নির্দেশ দেন।

oooooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের প্রকাশিত তালিকায় নাম না থাকা চাকরি হারানো শিক্ষক ও শিক্ষাকর্মীদের সঙ্গে গতকাল বৈঠক করেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। "ইউনাইটেড টিচিং অ্যান্ড নন টিচিং ফোরামের" প্রতিনিধিরা চাকরিতে পুনর্বহালের জন্য শিক্ষামন্ত্রীর কাছে দাবি জানান।

বৈঠকের পর তাঁদের প্রতিনিধি অর্ঘ্য দাস জানিয়েছেন, আলোচনা ইতিবাচক হয়েছে। আইনের দিক থেকে কিভাবে এই সমস্যার সমাধান করা যায়, সে ব্যাপারে চেষ্টা করবেন বলে শিক্ষামন্ত্রী আশ্বাস দিয়েছেন। আইনজীবীদের নিয়ে আগামী সপ্তাহে তাঁরা আবার শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠকে বসবেন।

(বাইট - অর্ঘ্য দাস)

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে এবছরের মাধ্যমিকে পাসের হার ৮৬ দশমিক পাঁচ ছয় শতাংশ। মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় গতকাল ফলপ্রকাশ করে এক সাংবাদিক সম্মেলনে জানান, পাশের হারের দিক থেকে প্রথমে রয়েছে পূর্ব মেদিনীপুর। তারপর কালিম্পং এবং তৃতীয় স্থানে রয়েছে কলকাতা। পশ্চিম মেদিনীপুরের স্থান চতুর্থ। সফল পরীক্ষার্থীদের আগামীদিনের পরিকল্পনা নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – সুমন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শহরাঞ্চলে নিকাশী ও জঞ্জাল ব্যবস্থাপনার মানোন্নয়নে রাজ্য সরকার এবার কর্পোরেট সংস্থাগুলিকে শামিল করার পরিকল্পনা নিয়েছে। আইন অনুযায়ী ৫০০ কোটি টাকার বেশি লেনদেন আছে এমন কর্পোরেট সংস্থা তাদের সমাজিক দায়বদ্ধতা বা সিএসআর প্রকল্পের আওতায় জনস্বার্থে নানা উন্নয়নমূলক কাজ করে থাকে। এবার এর আওতায় জঞ্জাল অপসারণ ও নিকাশিকেও যুক্ত করার কথা ভাবা হচ্ছে।

ইতিমধ্যেই উত্তর ২৪ পরগণার পানিহাটি এবং কামারহাটি পুর এলাকাতে সিএসআর প্রকল্পের মাধ্যমে নিকাশি পরিকাঠামো উন্নয়নের কাজ হয়েছে।
অন্যান্য পুরসভাতেও একই মডেল অনুসরণের কথা ভাবা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দূষণের হারে লাগাম টানতে রাজ্য সরকার সমস্ত ভাগাড়ে প্রসেসিং প্লান্ট বসানোর সিদ্ধান্ত নিয়েছে। সেখানে পচনশীল বর্জ্য ও প্লাস্টিক এবং পচনশীল নয় এমন বর্জ্য পৃথকভাবে প্রক্রিয়াকরণ করা হবে।

রাজ্যের পুর ও নগরোন্নয়ন দফতর সিদ্ধান্ত নিয়েছে। প্রসেসিং প্লান্টে ওই আবর্জনা থেকে জৈব সার, গ্যাস এবং প্লাস্টিকের দানা বা গ্র্যানিউল প্রস্তুত করা হবে। সেই দানা থেকে রাস্তা তৈরির উপকরণ ও নানা ব্যবহারযোগ্য সামগ্রী প্রস্তুত করা হবে।

পুর ও নগরোন্নমন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন, রাজ্যের ১২৮টি পুরসভার মধ্যে ৯১টিতেই ভাগাড়ে প্রক্রিয়াকরণ প্লান্ট তৈরির কাজ আগামী বছরের গোড়াতেই শেষ হবে। ইতিমধ্যে ১৪টি পুরসভায় এই কাজ শুরু হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবার ওয়েভেসের খবর ( মিউজিক)

মুম্বাই-এ বিশ্ব দৃশ্যশ্রাব্য এবং বিনোদন শীর্ষ সম্মেলন ওয়েভস -২০২৫-এর অঙ্গ হিসেবে তথ্য ও সম্প্রচার মন্ত্রক মিডিয়া ও বিনোদন ক্ষেত্রের ওপর আজ একটি হ্যান্ডবুক প্রকাশ করবে। সম্মেলনের তৃতীয় দিনে আজ কমিউনিটি রেডিওর ওপর জাতীয় সম্মেলনেরও আয়োজন করা হয়েছে।

গতকাল ক্রিয়েট ইন ইন্ডিয়া চ্যালেঞ্জের প্রথম পর্ব শেষ হয় । অ্যানিমেশন, গেমিং, চলচ্চিত্র নির্মাণ, সঙ্গীত, ডিজিটাল আর্ট, এ আই সহ ৩২-টি বিভিন্ন ক্ষেত্রের সি আই সি চ্যালেঞ্জ বিজেতাদের সম্মানিত করা হয় এই সম্মেলনে।

অনুষ্ঠানে অংশ নিয়ে তথ্য সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ, একে এক ঐতিহাসিক মুহূর্ত হিসেবে অভিহিত করে বলেন, এই প্রথম শুধুমাত্র সৃজনশীলতার জন্য কোন পুরস্কার দেওয়া হচ্ছে। সংবাদ মাধ্যম ও বিনোদনের ক্ষেত্রে এই ওয়েবস্ সম্মেলনকে এক উল্লেখযোগ্য মাইলফলক হিসেবে বর্ণনা করেন তিনি।

(বাইট – বৈষ্ণ)

০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানে আজ বিশ্ব সংবাদ মাধ্যম স্বাধীনতা দিবস উদযাপিত হচ্ছে। সারা বিশ্বে সংবাদমাধ্যমের স্বাধীনতা এবং মত প্রকাশের অধিকারের গুরুত্ব তুলে ধরার লক্ষ্যেই এই দিনটি পালন করা হয়ে থাকে।

এ বছর গণমাধ্যম স্বাধীনতা দিবসের মূল ভাবনা "নতুন বিশ্বে সাহসী সাংবাদিকতা- প্রেস স্বাধীনতা ও গণমাধ্যমের উপর কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাব।"

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০